

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৬.২২. (৫৪৯)


তারিখ: ৩১/০৮/২০২৫ খ্রি

বিষয়: দীর্ঘ মেয়াদী আবাসিক প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় ৩০ দিন ও ৬০ দিন মেয়াদী আবাসিক প্রশিক্ষণের সংস্থান রয়েছে। ডিপিপি’র লক্ষ্যমাত্রা মোতাবেক প্রকল্প মেয়াদে মোট ৪১১০ জনকে দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের আওতায় আনয়ন করা হবে, যা মোট সুফলভোগীর মাত্র ৩%। দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের সুযোগ অত্যন্ত সীমিত হওয়ায় দক্ষ মানবসম্পদ সৃষ্টি ও কর্মসংস্থান নিশ্চিতকরণের লক্ষ্যে সঠিক প্রশিক্ষণার্থী মনোনয়ন করা অপরিহার্য। সঠিক প্রশিক্ষণার্থী মনোনয়নে ব্যর্থ হলে প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ব্যাহত হওয়ার পাশাপাশি বিপুল পরিমাণ সরকারি অর্থেরও অপচয় ঘটে।

বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও মনোনীত প্রশিক্ষণার্থীদের সংক্ষেপে মতবিনিময় করে প্রতীয়মান হয়েছে যে, প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে যথাযথ গুরুত্ব ও সতর্কতা অবলম্বন না করায় দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের জন্য সঠিক প্রশিক্ষণার্থী মনোনয়ন সম্ভব হয় না। প্রশিক্ষণার্থী মনোনয়নে প্রকল্পের মাঠ সংগঠকের উপর অতিমাত্রায় নির্ভরশীল থাকায় মাঠ সংগঠক সমিতির ম্যানেজার/সভাপতি বা যে সমস্ত সুফলভোগীর সংগে তীব্র সুসম্পর্ক রয়েছে বা কোন কোন ক্ষেত্রে উৎকোচ গ্রহণের বিনিময়ে প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী বাছাই করেন। প্রকল্পের এআরডিও বা ইউআরডিও মাঠ সংগঠকের মনোনীত সুফলভোগী যাচাই বাছাই না করেই প্রশিক্ষণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রেরণ করেন। ফলে সঠিক প্রশিক্ষণার্থী বাছাই না হওয়ায় প্রশিক্ষণ ফলপ্রসূ হচ্ছে না। প্রকল্পের আওতায় দীর্ঘ মেয়াদী আবাসিক প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে যাচাই বাছাইপূর্বক সঠিক প্রশিক্ষণার্থী মনোনয়ন নিশ্চিত করতে হবে। প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে কোন ধরনের অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট মাঠ সংগঠক ও সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, দীর্ঘ মেয়াদী আবাসিক প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী প্রেরণের লক্ষ্যে প্রকল্পের মাঠ সংগঠক কর্তৃক মনোনীত প্রশিক্ষণার্থীদের যথাযথভাবে যাচাইপূর্বক সঠিক প্রশিক্ষণার্থী প্রেরণ নিশ্চিত করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক

ফোন: ০২-৮১৮০১৪৪

ইমেইল:- [iresppwad@gmail.com](mailto:iresppwad@gmail.com)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,

উপজেলা....., জেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি:..... জেলা;
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা;
৪. পরিচালক পরিকল্পনা মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা;
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা);
৬. অফিস নথি।